



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর
শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ উপলক্ষে
মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. এনামউল্যা প্রদত্ত

বাণী


আজ ১৪ ডিসেম্বর ঐতিহাসিক “শহীদ বুদ্ধিজীবী” দিবস। জাতির শ্রেষ্ঠ সন্তানদের রক্তে রঞ্জিত এক শোকাবহ দিন। এ দিনে আমরা হারিয়েছি-এ জাতির বিবেক ও শ্রেষ্ঠ সন্তানদের। আমি সে সকল শহীদ বুদ্ধিজীবীকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে তাঁদের রুহের মাগফেরাত কামনা করছি।

১৯৭১-এর রক্তক্ষয়ী স্বাধীনতা যুদ্ধে বিজয়ের মাত্র দু'দিন আগে এ দিনে দখলদার পাক বাহিনী ও তাদের এ দেশীয় দোসররা পরিকল্পিতভাবে আমাদের স্বাধীন চিন্তার ধারক বিশিষ্ট ও প্রতিথযশা বুদ্ধিজীবী, শিক্ষক, সাহিত্যিক, চিকিৎসক, প্রকৌশলী, বিজ্ঞানী, সাংবাদিক ও দার্শনিকদের নির্মমভাবে হত্যা করে। তাদের উদ্দেশ্যই ছিল আমাদের মুক্তচিন্তা, মেধা ও মনন ধ্বংস করে বুদ্ধিবৃত্তিক জগতকে নিঃশেষ করে ফেলা।

জাতি চিরদিন এ বরণ্য বুদ্ধিজীবীদেরকে শ্রদ্ধার সাথে স্মরণ করবে। স্বাধীনতার পূর্বে এ জাতি যখন পাকিস্তানি শোষক ও শাসক শ্রেণির জাতাকলে পিষ্ট ছিল, সেই দুঃসময়ে শহীদ বুদ্ধিজীবীরা যেভাবে তাঁদের প্রজ্ঞা, মেধা ও বুদ্ধি দিয়ে জাতিকে সঠিক দিক নির্দেশনা দিয়েছিলেন দেশের বর্তমান পরিস্থিতিতে আমাদের বুদ্ধিজীবীদের সে পবিত্র দায়িত্ব পালনে এগিয়ে আসার অনুরোধ জানাচ্ছি।

পরিশেষে, আমি ৭১ এর শহীদ বুদ্ধিজীবীদের আদর্শে উজ্জীবিত হয়ে ন্যায্যতার ভিত্তিতে বৈষম্যহীন সমাজ ও রাষ্ট্র গঠনে সকলকে উদ্বুদ্ধ হওয়ার আহবান জানাই।

আল্লাহ আমাদের সহায় হোন।


(প্রফেসর ড. মো. এনামউল্যা)
ভাইস-চ্যান্সেলর